

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 11 April, 2025

চট্টগ্রামের চন্দনাইশের চাঞ্চল্যকর কলেজ শিক্ষার্থী তামান্না নাহিদ ইয়া প্রকাশ আরজু আকতার (১৯) কে হত্যাকারী নাজিম উদ্দীনকে গ্রেপ্তার করেছে গোয়েন্দা পুলিশ।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) দিবাগত রাতে কক্সবাজার জেলার রামু উপজেলার রশিদনগর ইউনিয়নের কাদমার পাড়া এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয় বলে জানিয়েছে পুলিশ।

বিষয়টি নিশ্চিত করে চট্টগ্রাম জেলা অতিরিক্ত পুলিশ সুপার (শিল্পাঞ্চল ও ডিবি) মোহাম্মদ রাসেল জানান, চন্দনাইশের আলোচিত ঘটনায় একমাত্র অভিযুক্ত নাজিম উদ্দীনকে কক্সবাজারের রামু থেকে গ্রেপ্তার করা হয়েছে।

এ বিষয়ে শুক্রবার (১১ এপ্রিল) বাদে জুমা আনুষ্ঠানিকভাবে অফিসিয়ালি প্রেসব্রিফিং করে বিস্তারিত জানানো হবে। পরবর্তীতে তাকে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করে আদালতে প্রেরণ করা হবে বলে জানান তিনি।

উল্লেখ্য, ৮ এপ্রিল (বুধবার) চন্দনাইশ পৌরসভার ৮নং ওয়ার্ডের দক্ষিণ গাছবাড়িয়ার নয়াপাড়া এলাকায় পটিয়া সরকারি কলেজের অনার্স ১ম বর্ষের ছাত্রী তামান্না নাহিদ ইয়া প্রকাশ আরজু আকতারকে ধর্ষণ চেষ্টার পর শ্বাসরোধে হত্যা করে পাষণ্ড নাজিম উদ্দীন।

নাজিম সম্পর্কে আরজুর মামা। ঘটনাটি দেখে ফেলায় আরজুর বৃদ্ধ নানা-নানিকেও কুপিয়ে ও জবাই করে হত্যার চেষ্টা চালায়। আহতরা হলো নানা-নানি হলেন আব্দুল হাকিম (৭০) ও ফরিদা বেগম (৬০)। তারা বর্তমানে চমেক হাসপাতালে চিকিৎসাধীন আছেন। এ ঘটনায় নিহতের পিতা আনোয়ার হোসেন বাদি হয়ে নাজিম উদ্দীনকে আসামী করে চন্দনাইশ থানায় হত্যা ও ধর্ষণ চেষ্টা মামলা দায়ের করেন।

চট্টগ্রাম হত্যা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:52

URL: <https://timestodaybd.com/across-the-country/612783334>